দৈনিক সংবাদ

৭/৩/২০০৫

তারিখ ........
পৃষ্ঠা ৭-২ কলাম ২

# শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্টের বিরুদ্ধে চক্রান্ত রুখে দাঁড়ানোর আহ্বান

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্টের বিরুদ্ধে চক্রান্তকারীদের রুখে দাঁড়ানোর জন্য ট্রাস্টি বোর্ডের শিক্ষক-কর্মচারী প্রতিনিধিবৃন্দ আহ্বান জানিয়েছেন। গতকাল শুক্রবার ট্রাস্টি বোর্ডের সচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ ও বোর্ডের অন্য ৫ জন সদস্যের সই করা এক বিবৃতিতে এই আহ্বান জানানো হয়। বিবৃতিতে আরো জানানো হয়, ট্রাস্টি বোর্ডের এককালীন সচিব অধ্যক্ষ এম শরিফুল ইসলাম একটি জোটের নামে সাংবাদিক সম্মেলন করে ট্রাস্টের কমিটি বাতিল অথবা পুনর্গঠনের নামে শিক্ষক-কর্মচারীদের ট্রাস্ট থেকে আর্থিক সুবিধা পাওয়ায় বিঘ্ন সৃষ্টি করছে।

ট্রাস্টি বোর্ড থেকে ২ হাজার ৪শ ২৪ জন প্রায় পৌনে ৮ কোটি টাকা সুবিধা পেয়েছে এবং আরো ২ হাজার ১৫ জনের নামে ৫ কোটি ৫৫ লাখ টাকার চেক ইস্যু করা হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তি।